353

West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

324

1. Dist. Jalpaiguri P.S. NJP Year 2023 FIR No. 919/23 Date 21.09.23
2. i) Act I.P.C Sections 498A/325/376/511 IPC ii) Act Sections
   iii) Act D.P Sections 3/4 D.P Act iv) Others Acts & Sections
3. (a) Occurrence of offence : Day Date From 23.07.22 Date To 21.05.23
   Time Period Time From Time To
   (b) Information received at P.S. Date 21.09.23 Time 12.05h
   (c) General Diary Reference : Entry No (s) 976 Time 12.05h
4. Type of Information Written / Oral
5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. Beat No.
   (b) Address Purba Dhantala, Dhakai Busty, PS- NJP Dist- Jalpaiguri
   (c) In case outside limit of this Police Station. then the
   Name of the P.S. N/A District
6. Complainant / Informant :
   (a) Name Rakhi Biswas
   (b) Father's / Husband's Name Prasanta Biswas D/o- Sunil Biswas
   (c) Date / Year of Birth (d) Nationality Indian
   (e) Passport No. Date of Issue : Place of Issue
   (f) Occupation
   (g) Address Changmari, Dangapara, PS- Malbazar, Dist- Jalpaiguri
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) : V/S 1) Prasanta Biswas S/o- Abinash Biswas 2) Abinash Biswas S/o- Debendra Biswas 3) Mina Biswas W/o- Abinash Biswas all of Purba Dhantala, Dhakai Busty, PS- NJP Dist- Jalpaiguri.
8. Reasons for delay in reporting by the Complainant / Information
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
10. Total value of properties stolen / involved
11. Inquest Report / U.D. Case No. If any NIL
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complt which is treated as FIR is reproduced overleaf
13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed SI Uttam Baghira of NJP PS, SPC to take up investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

(Sd/-) 21/9/2023.

on the original written complt

14. Signature / Thumb impression of the Complainant / Informant

(Sd/-) 21/9/2023.

Signature of the Officer-in-Charge, Police Station
Name : PARTHA SARATHI DAS
Rank : No. SI OF POLICE
O/C NJP PS, SPC

15. Date & Time of despatch to the court :

মাননীয়,

ইনস্পেকটর-ইন-চার্জ
নিউ জলপাইগুড়ি থানা
জেলা - জলপাইগুড়ি।

তারিখ - 21/07/2023

বিষয় : অমানবিক অত্যাচারের কারণে অভিযোগ

বাদীর নাম ও বর্তমান ঠিকানা :
শ্রীমতি রাখি বিশ্বাস
স্বামী - শ্রী প্রশান্ত বিশ্বাস
পিতা - শ্রী সুনীল বিশ্বাস
গ্রাম - চেংমারি ডাঙ্গাপাড়া
থানা - মালবাজার
জেলা - জলপাইগুড়ি।

আসামীগণের নাম ও ঠিকানা :
১/ শ্রী প্রশান্ত বিশ্বাস
পিতা - শ্রী অবিনাশ বিশ্বাস
২/ শ্রী অবিনাশ বিশ্বাস
পিতা - দেবেন্দ্র বিশ্বাস
৩/ শ্রীমতি মিনা বিশ্বাস
স্বামী শ্রী অবিনাশ বিশ্বাস
গ্রাম - পূর্ব ধনতলা , ঢাকাই বস্তি
থানা - নিউ জলপাইগুড়ি
জেলা - জলপাইগুড়ি।

মহাশয়,

সবিনয়ে এই মর্মে অভিযোগ জানাইতেছি যে, গত ইং ২৩/০৭/২০২২ তারিখ ২নং ও ৩ নং আসামীর পুত্র ১নং আসামীর সাথে আমার রেজেষ্ট্রী করে বিয়ে হয়। তারপর ২৪/১/২০২২ তাং আমার বাবার বাড়ীতে আমাদের হিন্দু সামাজিক মতে বিয়ে সম্পন্ন হয়। বিয়েতে আসামী পক্ষের দাবী অনুযায়ী আমার বাবা খাট, ড্রেসিং টেবিল, আলনা, আলমারী, সোনার গহনা, বিছানাপত্র, বাসন-কোসন ইত্যাদি সহ নগদ ১,২০,০০০/- (এক লক্ষ কুড়ি হাজার) টাকা দাবীর মধ্যে ৮৫,০০/- (পঁচাশি হাজার) টাকা প্রদান করে এবং বাকী টাকা ১ বছরের মধ্যে দেবে বলে অঙ্গীকার করে। গত ইং ২৫/০১/২২ তারিখে শ্বশুরবাড়ী যাবার পর ২৬/০১/২২ তারিখে বৌভাত সম্পন্ন হয়। ঐ দিনই লোক সমক্ষে ভিখারীর বিয়েতেও এর থেকে বেশী সোনা দেয় বলে আমার বাবা, মা ও আমাকে আসামীগণ অপমান করে। এরপর আরও একভড়ি সোনা না দিলে দ্বিরাগমন থেকে আমাকে শ্বশুরবাড়ি ঢুকতে দেবে না বলে আসামীগণ চাপ সৃষ্টি করে। অনেক অনুরোধ করে আমার বাবা সোনা দেবে বলে কিছুদিন সময় চেয়ে নেয়। তারপর আমাকে স্বশুরবাড়ী ঢুকতে দেয়। এরপর শুরু হয় আমার উপর অমানবিক মানসিক ও শারীরিক অত্যাচার। আমাকে ঠিকমতো খেতে পড়তে দেয় না, তেল, সাবান ব্যবহার করতে দেয় না। সারাদিনে একটু বিশ্রাম নিতে দেয় না, অসুখ হলে চিকিৎসা করে না। এতো অত্যাচার সহ্য করতে না পেরে বাবা-মাকে জানালে তারা এসে আসামীগণকে আমার প্রতি অতাচার না করার অনুরোধ করলে তারা জানায় বকেয়া টাকা ও সোনা প্রদান না করা পর্যন্ত এটা চলতে থাকবে। শুধু সংসার করার আশায় এতো অত্যাচার সহ্য করেও শ্বশুরবাড়ী থাকি এবং কাজের মধ্য দিয়ে সকলের মন পাওয়ার চেষ্টা করি।

কিন্তু আমার সমস্ত আশাই দুরাশায় পরিণত হয়।

এরপর এক নতুন অধ্যায় শুরু হয়। শারীরিক ভাবে আমি একটু মোটা বলে বিয়ের ৫/৬ মাস র ২নং আসামী (আমার শ্বশুর) আমাকে নিয়ে মর্নিং ওয়ার্ক করতে বের হয়ে আমার সাথে নানারূপ অশ্লীল কথা বলে আমাকে যৌনভাবে উত্তেজিত করার চেষ্টা করে। অনেকদিন সহ্য করার র স্বামী ও শ্বাশুরীকে সব বলি কিন্তু প্রতিকারের বদলে তারা আমাকে গালিগালাজ এবং প্রচন্ড মারধর করে। এরফলে শ্বশুর মশাই উৎসাহিত হয় এবং সুযোগ পেলেই আমাকে বলতে থাকে আমি তার সাথে শারীরিক সম্পর্ক করলে আমার বাবাকে বাকী টাকা ও সোনা দিতে হবে না। স্বামী ও শ্বাশুরীকে সব কথা জানালে আমাকে নচ্ছার, বেশ্যা ইত্যাদি বলে গালাগাল দেয় এবং মারধর করে। গত ২১/০৫/২৩ তারিখে স্বামী বাড়ী ছিল না, শ্বাশুরী তার ঘরে টি.ভি দেখছিল, আমি সাংসারিক সব কাজ শেষ করে সন্ধ্যার দিকে আমাদের শোবার ঘরে বিশ্রাম করছিলাম, হঠাৎ আমার শ্বশুর মত্ত অবস্থায় আমার ঘরে ঢুকে আমাকে জড়িয়ে ধরে এবং মুখ চেপে ধরে এবং রিধেয় উপরে তুলে আমাকে ধর্ষনে উদ্যত হয়। আমি শ্বশুরকে ধাক্কা দিয়ে সরিয়ে ছুটে বাইরে চলে আসি এবং শ্বাশুরীকে সব কথা বলি। সব শুনে শ্বাশুরী চুপ করে থাকে। রাতে স্বামী বাড়ী ফিরলে তাকে সব বলি। সব শুনে আমার স্বামী আমাকে এলো পাথাড়ি কিল, ঘুশি, লাথি এবং লাঠি দিয়ে মারে এবং বাড়ীর বাইরে বের করে দেয়। নিরুপায় হয়ে আমি বাবাকে ফোন করি। রাতেই বাবা চলে আসে। স্থানীয় পঞ্চায়েত সদস্যকে সব কথা জানালে তিনি বিষয়টি দেখবেন বলেন। তারপর আমি বাবার সঙ্গে বাড়ী চলে যাই। পঞ্চায়েত নির্বাচনের জন্য পঞ্চায়েত সদস্য কোন ব্যবস্থাই গ্রহন করেন নাই। দীর্ঘদিন অপেক্ষা করার পর গতকাল আমার বাবা আমাদের দুজন প্রতিবেশীকে সঙ্গে নিয়ে আমার শ্বশুরবাড়ী যান এবং আমার স্বামীকে আমাকে নিয়ে আলাদাভাবে সংসার করার প্রস্তাব দিলে তারা উত্তেজিত হয়ে আমার বাবা এবং তার সাথীদের বাড়ী থেকে বের করে দেন।

এমতাবস্থায় একজন অসহায় নারীর প্রার্থনা অনুগ্রহ পূর্বক আমার এই অভিযোগ পত্রটি গ্রহন করিয়া উল্লিখিত দোষী ব্যক্তিগণকে কঠোর সাজা প্রদানের বন্দোবস্ত করিয়া বাধিত করিবেন।

ইতি নিবেদিকা

Rakhi Biswas

(রাখি বিশ্বাস)

চেংমারি ডাঙ্গাপাড়া, মালবাজার

জলপাইগুড়ি

মো - ৯৫৯৩১২৩৩৮৮

Received on 21-09.23 at 12.05h
Vide GDE No- 976 dt 21-09.23
and started NJP PS Case No- 919/23
dt- 21.09.23 u/s- 498A/325/376/511
IPC R/W Section 3/4 of D.P Act and
Endorsed to SI Uttam Baghira of
NJP PS for his Investigation.

21/09/2023.

on

DAS

E.....